বস্ত্রের বিপুল আয়োজন

**শিবদুর্গা বস্ত্রালয়**

রঘুনাথগঞ্জ তুলসীবিহার বাটীর উত্তর দরজা

গ্রাহকগণের সুবিধার্থে মিল ও তাঁতের নানাবিধ ধুতি, শাড়ী, সার্টিং ও কোটিং আমদানী করা হয়েছে আমাদের দোকানে আসিয়া সুলভে জিনিস ক্রয় করুন।

প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৮শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২১শে চৈত্র বুধবার ১৩৬৮ ইংরাজী 4th April 1962 { ৪৫শ সংখ্যা



সকল ঘরের তরে...

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Sarkar

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**

কেরোসিন কুকার

প্রস্তুতকারক:

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

ওয়েষ্ট বেঙ্গল বুক-বাইণ্ডিং হল

এখানে সকল প্রকার বই ও খাতা সুলভে বাঁধান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীজি, সি, ঘোষ, রঘুনাথগঞ্জ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২১শে চৈত্র বুধবার সন ১৩৬৮ সাল।

# পয়লা এপ্রিল

—০—

ইংরাজরা এপ্রেল মাসের পয়লা তারিখকে বলেন "অল ফুল'স্ ডে" অর্থাৎ সব নির্ব্বোধের দিন। এই দিন কম বুদ্ধির লোকদের বুদ্ধিমানেরা ঠকাইয়া বেকুব বানাইয়া নিজেরা আনন্দ উপভোগ করে, আর যে বেচারা ঠকে সে অপ্রস্তুত হইয়া সাধারণের কাছে হাস্যাস্পদ হয়।

আমাদের স্বাধীন দেশের সরকার গত ১লা এপ্রিল হইতে দেশে মেট্রিক ওজন চালু করায় সাধারণ লোকের বিশেষ মুস্কিল হইয়াছে। বাটখারা বুঝে নেওয়া ত দূরের কথা নাম মুখে উচ্চারণ করিতে পারিতেছে না। নূতন মাপের প্রচলন হওয়ার সঙ্গে সঙ্গে চালাক ব্যবসায়ীরা জিনিষপত্রের মূল্য কিছু পরিমাণে বৃদ্ধি করিয়াছেন। যে দেশের শতকরা ৮০ জনই লেখাপড়া জানে না সেখানে চালাক ধুরন্ধরদের পোয়া বার সে বিষয়ে সন্দেহ নাই।

নূতন বাটখারা না রাখিলে শাস্তিভোগ করিতে হইবে—ন্যায্য মূল্যে বাটখারা কিনিতে না পাইলে হাট বাজারের ছোট ছোট বিক্রেতাগণের কি উপায় হইবে? সংবাদপত্রে দেখা যাইতেছে যে কলিকাতায় কালোবাজারে বাটখারা বিক্রয় হইতেছে। এখনও সকল ব্যবসায়ী বাটখারা কিনিতে সমর্থ হয় নাই।

চাহিদামত বাটখারা প্রস্তুত করিয়া মেট্রিক ওজন চালু করিলেই ভাল হইত। লোকহিতকর আদর্শের আওতায় বহু নিরীহ ব্যক্তিকে নাজেহাল হইতে হইবে।

আমরা পয়লা এপ্রিলে নয়, স্বাধীনতার নামে পাইয়াছি **স্বাদহীনতা! সাধহীনতা!** ও **শ্বাধীনতা।** (শ্বা—কুকুর)

সোনার ভারতকে শাসন ও শোষণের পন্থা যে কত প্রশস্ত, কত রকমে অর্থাগম হইতে পারে, তাহার ফন্দী করিয়া কোন শাসক সম্প্রদায় সুস্থ হইয়া স্বচ্ছন্দে স্থায়ী হইতে পারে নাই। একটি গল্প বলি, গল্পটি হিতোপদেশের—

এক ব্যাধ এক বনে কিছু তণ্ডুলকণা ছড়াইয়া জাল পাতিয়া রাখিল। একটি সুন্দর পাখী জালে আবদ্ধ হওয়ার পর ব্যাধ দেখিল পাখী যতবার মলত্যাগ করে তার সবটুকু সোনা। এই ব্যাপার দেখিয়া ব্যাধ মনস্থ করিল—রাজার কাছে ইহাকে বিক্রয় করিলে বহু অর্থ পাওয়া যাইবে। রাজার কাছে লইয়া গেলে রাজা ইহার পুরীষে স্বর্ণ দেখিয়া মন্ত্রীকে ডাকিলেন—মন্ত্রীও দেখিয়া অবাক। শেষে মন্ত্রী মহাশয় রাজাকে সুমন্ত্রণা দিয়া বলিলেন—মহারাজ! এর পেটে না জানি কত স্বর্ণ ই আছে! এর পেট কাটিয়া সব বাহির করা উচিত। পাখীকে বধ করিতে আদেশ হইল। পাখী দৈবে হন্তার হাত ফস্‌কাইয়া উড়িয়া গিয়া এক উচ্চ বৃক্ষে বসিয়া বলিল—

আদৌ তাবদহং মূর্খঃ<br>
দ্বিতীয়ঃ পাশবন্ধকঃ<br>
ততো রাজা চ মন্ত্রী চ<br>
সর্ব্বৈব মূর্খমণ্ডলং।

প্রথমে আমি মূর্খ কারণ এই গভীর অরণ্যে তণ্ডুল কোথা হইতে আসিল বিবেচনা না করিয়াই জাল বদ্ধ হইলাম। ব্যাধ আমার বিষ্ঠায় স্বর্ণ দেখিয়া রাজার কাছে বিক্রয় লব্ধ অর্থের লালসা না করিয়া আমাকে পুষিলে প্রত্যহই সোনা পাইত, তাহাকে ব্যাধবৃত্তি করিতে হইত না। রাজা আবার মন্ত্রীর পরামর্শে আমাকে হত্যা করিতে বলিয়া কত মূর্খতা করিল! আমার পেটে কতটুকু সোনা ছিল। আমি জীবিত থাকিলে প্রত্যহই সোনা পাইতেন।

এই পাখীর মত ভারতমাতাও বলিতে পারেন আমার সন্তানগণকে শোষণ করিয়া কেহ কোন কালে লাভবান হইতে পারেন নাই। শুধু এই পয়লা এপ্রিলের নির্বুদ্ধিতা নয় আগা গোড়াই মূর্খতা করা হইয়াছে। অপব্যয়ের তালিকা দিলে একখানি বড় কেতাব হইবে। দুর্নীতির যেন চাষ আবাদ সুরু হইয়াছে। এই পয়লা এপ্রিলের নির্ব্বোধ আমরা মনে করি আর কেউ যেন না শোনে এমনিভাবে বলি—এঁরা তো শত্রুকে টাকা দেয়, রণে জিতিয়া রণ থামাইতে বলে। আমরাও ইংরাজের পেণ্টালুনের কাছা থাকিলে তাই ধরিয়া না যাইতে দিলেই যেন ভাল করিতাম। না হয় আর একটা পয়লা এপ্রিলের নির্ব্বোধ হইতাম।

---

## একনাগাড়ে বিশ বছর

ভারতীয় সংসদের নবনির্বাচিত কংগ্রেসী দলের নেতা মনোনীত হওয়ায় শ্রীনেহরুর আরও পাঁচ বছর ভারতের প্রধানমন্ত্রীত্ব করার সনদ মিলল। শ্রীনেহরুর এবারের কার্য্যকাল শেষ হবে ১৯৬৭ সালে; ১৯৪৭ থেকে ১৯৬৭—দীর্ঘ কুড়ি বছর একনাগাড়ে কোন গণতান্ত্রিক দেশের প্রধানমন্ত্রীত্ব করার সৌভাগ্য সাম্প্রতিককালে কোনও রাজনীতিকের হয়েছে কিনা সন্দেহ।

---

## রাষ্ট্রীয় চলচ্চিত্র পুরস্কার

'ভগিনী নিবেদিতা' বাংলা কথাচিত্রটি ১৯৬১ সনের সর্ব্বোচ্চ রাষ্ট্রীয় সম্মান পাইয়াছে। রাষ্ট্রপতির স্বর্ণ পদকের অধিকারী এই চিত্রের প্রযোজক ২০,০০০ এবং পরিচালক ৫,০০০ টাকা পাইবেন।

---

## অগ্নিকাণ্ড

গত ২০শে চৈত্র মঙ্গলবার দ্বিপ্রহরে রঘুনাথগঞ্জ থানার ওষমানপুর গ্রামে আগুন লাগায় প্রায় ৪০ খানি ঘর পুড়িয়া গিয়াছে। সংবাদ পাইয়া পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা বিভাগের উপমন্ত্রী শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায় মহাশয় উক্ত গ্রামে গিয়া দুর্গত জনগণের অবস্থা পর্য্যবেক্ষণ করিয়া তাহাদের সাহায্যের ব্যবস্থা করেন।

---

## বাটখারার চোরা কারবার

মেট্রিক ওজনের বাটখারা লইয়া কলিকাতায় ফলাও চোরাকারবার সুরু হইয়াছে বলিয়া ওয়াকিবহাল মহলে অভিযোগ পাওয়া যায়। প্রকাশ ৫০ কিলোগ্রাম হইতে ১০০ গ্রাম পর্য্যন্ত নানা ওজনের যে সেট কয়েকদিন আগেও ৫৫ টাকায় বিক্রয় হইয়াছে, সেই সেটের দরই নাকি এখন ৭০/৭৫ টাকা পর্য্যন্ত উঠিয়াছে। সবচেয়ে অসুবিধায় পড়িয়াছেন মফস্বল এলাকার ব্যবসায়ীরা। দরকার মত মেট্রিক ওজনের বাটখারা কিনিতে কলিকাতায় আসিয়া তাঁহাদের চক্ষু ছানাবড়া হইয়া যাইতেছে। মেদিনীপুর জেলার একজন ব্যবসায়ী এইরূপ অভিযোগ করেন। "আমার চোখের সামনেই এখানে ( কলিকাতা ) দশ কিলোগ্রামের একটি বাটখারার জন্য ১৫ টাকা নিয়ে খরিদ্দারকে ৯ টাকার রসিদ দেওয়া হল।" একটি চাউল কলের অংশীদারকে উক্ত ব্যবসায়ী মন্তব্য করেন : মেট্রিক ওজনের বাটখারার দরের কোন মাথামুণ্ডু নেই। বাটখারা না থাকলে আমাদের হাতে দড়ি পড়বে। কিন্তু যা অবস্থা, তাতে বাটখারা কিনি কি করে? ব্যবসায়ীরা মনে করেন, সরকার হয় মেট্রিক ওজনের বাটখারা চালু করার ব্যবস্থাকে আরও সময় দিন নতুবা নিয়ন্ত্রিত দরে বাটখারা বিক্রয়ের ব্যবস্থা করুন।

## অবলার বল

বেয়াড়া স্বামীদের ঢিট্ করিবার জন্য বঙ্গ ললনাগণ সম্প্রতি একটি ইউনিয়ন করিয়াছেন। উহার নেতৃত্ব লইয়াছেন জনৈক কংগ্রেসী এম-এল-এ-র পত্নী। যে সব স্বামী ঘরের স্ত্রীকে ঘরে রাখিয়া অন্যত্র উড়িয়া বেড়াইতেছেন, ঘরের শান্তি নষ্ট করিতেছেন সরকার যাহাতে তাহাদের সায়েস্তা করেন, সেইজন্য আন্দোলন করাই এই ইউনিয়নের উদ্দেশ্য। ইতিমধ্যেই অত্যাচারী স্বামীদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণার্থে ১০০ খানি দরখাস্ত এই সংস্থার নিকট আসিয়া পৌঁছিয়াছে। ইহার ভিত্তিতে একটি স্মারকলিপি প্রস্তুত করিয়া মুখ্যমন্ত্রী ডাঃ রায়ের নিকট পেশ করা হইবে বলিয়া প্রকাশ।

## অবিচার

পশ্চিম বাঙলার ব্যাপারে কেন্দ্রীয় সরকার বরাবর অবিচার করে আসছেন। এই রাজ্যের জন্য কেন্দ্রীয় বাৎসরিক বরাদ্দের পরিমাণ ৪ কোটি ৭৫ লক্ষ টাকা। কিন্তু অর্থ কমিশন সংবিধান অনুযায়ী এই প্রাপ্যের পরিমাণ বাড়িয়ে ৮ কোটি টাকা ধার্য্য করেন। কিন্তু কেন্দ্রীয় সরকার এই পরিমাণ বরাদ্দ মঞ্জুর করিতে রাজি হন নি।

## টাইম টেবল

প্রতি ছয় মাস অন্তর রেলওয়ে কোম্পানীর ট্রেণ চলাচলের সময় পরিবর্ত্তন হয়। এবার ১লা এপ্রিল হইতে ৩০শে সেপ্টেম্বর পর্য্যন্ত নিম্নে মুদ্রিত সময়ে জঙ্গিপুর রোড রেল ষ্টেশনে ট্রেণ চলাচল করিবে।

আপ ট্রেণ ( নিমতিতা অভিমুখে )

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৭৯নং | আসে | ৯-৩৩ | ছাড়ে | ৯-৪৩ |
| ৩৩৩নং | ,, | ১৫-১৭ | ,, | ১৫-২৭ |
| ৩৪৫নং | ,, | ২০-৫৫ | ,, | ৯-০৫ |
| ৩৯৭নং | ,, | ২-২৬ | ,, | ২-৩৬ |

ডাউন ট্রেণ ( হাওড়া অভিমুখে )

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৩৪নং | আসে | ৬-০২ | ছাড়ে | ৬-১২ |
| ৩৪৬নং | ,, | ১২-৩৪ | ,, | ১২-৪৪ |
| ৩৮০নং | ,, | ১৭-৫৯ | ,, | ১৮-০৯ |
| ৩৪৮নং | ,, | ২৩-৩৯ | ,, | ২৩-৪৯ |

## অভিনন্দন সভা

গত ৩০শে মার্চ্চ শুক্রবার বেলা ২ ঘটিকার সময় জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর কর্ম্মীবৃন্দ তাঁহাদের সুযোগ্য চেয়ারম্যান শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায় মহাশয়ের উপমন্ত্রী পদপ্রাপ্তির জন্য মিউনিসিপ্যাল ভবনে এক অভিনন্দন সভার আয়োজন করেন। শ্রীবিষ্ণু সরস্বতী মহাশয় সভাপতিত্ব করেন। স্বাস্থ্য-পরিদর্শক শ্রীঅমূল্যকুমার ভট্টাচার্য্য মহাশয় অভিনন্দন-পত্র পাঠ করার পর শ্রীগঙ্গাধর সিংহ রায় শ্রীদ্বারকানাথ সাহা ও সভাপতি মহাশয় বক্তৃতা দেন। সভার শেষে জলযোগের ব্যবস্থা ছিল।

## মহিলার কৃতিত্ব

শ্রীমতী সাধনা সরকার এই বৎসর কলিকাতা হইতে এল-এল-এম পরীক্ষায় সাফল্য লাভ করিয়াছেন। এই বিশ্ববিদ্যালয়ে ১০৪ বৎসরের মধ্যে ইনিই প্রথম মহিলা যিনি এই কৃতিত্ব লাভ করিলেন বলিয়া জানা গিয়াছে। গত দশ বৎসর কলিকাতা বিশ্ববিদ্যালয়ের আইনের এই সর্ব্বোচ্চ পরীক্ষায় কেহই উত্তীর্ণ হন নাই। সম্ভবতঃ সারা ভারতে মহিলাদের মধ্যে শ্রীমতী সরকারই প্রথম এই পরীক্ষায় সাফল্য লাভ করিলেন।

## আনি লইয়া হয়রানি

কিছুদিন হইতে জঙ্গিপুর মহকুমার সর্ব্বত্র এবং বীরভূম জেলাতে সাদা রং এর নিকেলের আনি অচল বলিয়া গুজব রটায় উহা কেহই লইতেছে না। কোন প্রকার সরকারী নির্দ্দেশ বা বিজ্ঞপ্তি অদ্যাবধি বাহির হয় নাই অথচ এই ভিত্তিহীন গুজব রটিল কোথা হইতে? রঘুনাথগঞ্জ সহরের ছোট বড় ব্যবসায়ীগণ 'আনি' লওয়া বন্ধ করিয়াছেন। এ বিষয়ে একটা বিহিত ব্যবস্থা করিবার জন্য আমরা মাননীয় জেলা শাসক ও মহকুমা-শাসক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

## নোটীশ

মুর্শিদাবাদ জেলার অন্তর্গত নবগ্রাম থানার অধীন কল্যাণগঞ্জ পচুই মদের দোকান আগামী ১৯৬২—৬৩ সালের জন্য বন্দোবস্ত করা হইবে। তজ্জন্য ৷৴০ বারো আনা মূল্যের কোর্টফি-সহ দরখাস্ত আহ্বান করা যাইতেছে। দরখাস্তে দরখাস্তকারীর পূর্ণ নাম, পিতার নাম, বর্ত্তমান এবং স্থায়ী বাসস্থান, বয়স, শিক্ষাগত যোগ্যতা, আর্থিক সঙ্গতি ইত্যাদি উল্লেখ করিতে হইবে।

ইংরাজী ১৭।৪।৬২ তারিখ পর্য্যন্ত দরখাস্ত বহরমপুর জেলা আবগারী অফিসে গ্রহণ করা হইবে।

স্বাঃ এস্, কে, ব্যানার্জ্জী
কালেক্টর পক্ষে অন্তঃশুল্কাধ্যক্ষ, মুর্শিদাবাদ।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

## আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

(ছাত্রবন্ধু পুস্তকালয়ের সম্মুখে)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪১৬৬

---

আমেরিকায় আবি ত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১'১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট:—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## আর পি. ওয়াচ কোং

জঙ্গিপুর পৌরসভার দক্ষিণে

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

বিঃ দ্রঃ—আমরা যে কোন কোম্পানীর নূতন ঘড়ি দুই সপ্তাহের মধ্যে ন্যায্য মূল্যে সরবরাহ করিয়া থাকি।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।